



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত ও শিক্ষা বিরতিকৃত শিক্ষার্থীদের ভর্তি/বিভাগ ও বিষয় পরিবর্তন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ এবং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত সকল (online ও ম্যানুয়াল) শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সতর্কতার সাথে যাচাই করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। বোর্ডের পরিদর্শন টীম যে কোন সময় উক্ত ট্রান্সক্রিপ্ট যাচাই করতে পারে। এ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ দায়ী থাকবেন।

২) ২০১৬ ও ২০১৭ সালে এসএসসি পাশকৃত যে সকল শিক্ষার্থী ২০১৮-১৯ সালে একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছে তাদের শিক্ষা বিরতি ফি (প্রতি শিক্ষার্থী-১০০/- টাকা) সোনালী ব্যাংক শিক্ষাবোর্ড বুথে জমা দিয়ে রশিদ এবং শিক্ষার্থীর তালিকা আগামী ২৫/১১/২০১৮ তারিখের মধ্যে অত্রবোর্ডের কলেজ শাখায় দাখিল করতে হবে।

৩) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভাগ ও বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদন আগামী ২০/১১/২০১৮ তারিখের মধ্যে অধ্যক্ষ এর অগ্রায়নপত্রের মাধ্যমে কলেজ পরিদর্শক বরাবর প্রেরণ করতে হবে। অগ্রায়নপত্রে শিক্ষার্থীর নাম, এসএসসি রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, চাহিত বিভাগের বিষয় কোড, শূন্য আসন, ন্যূনতম জিপিএ, eSIF এর ক্রমিক উল্লেখ করতে হবে। অগ্রায়নপত্রের সাথে অন লাইনে রেজিস্ট্রেশনকৃত eSIF এর সত্যায়িত ফটোকপি, এসএসসির নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সোনালী ব্যাংক, শিক্ষাবোর্ড বুথে ফি জমার রশিদ প্রতি শিক্ষার্থী -(বিভাগ পরিবর্তন-৬০০/-, বিষয় পরিবর্তন-৪০০/- টাকা) দাখিল করতে হবে। উল্লেখ্য, ২০/১১/২০১৮ তারিখের পর বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য ২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ম্যানুয়াল ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ আগামী ২৫/১১/২০১৮ তারিখ আরম্ভ হবে। এ সংক্রান্ত বিস্তারিত পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।